

হূদ | Hud | هُود

আয়াতঃ ১১ : ৯৭

আরবি মূল আয়াত:

إِلَىٰ فِرْعَوْنَ وَ مَلَائِهِ فَاتَّبَعُوا أَمْرَ فِرْعَوْنَ وَ مَا أَمْرُ فِرْعَوْنَ بِرَشِيدٍ

﴿ ৯৭ ﴾

অনুবাদসমূহ:

ফির'আউন ও তার নেতৃবৃন্দের কাছে। অতঃপর তারা ফির'আউনের নির্দেশের অনুসরণ করল। আর ফির'আউনের নির্দেশ সঠিক ছিল না। — আল-বায়ান

ফির'আউন আর তার প্রধানদের কাছে, কিন্তু তারা ফির'আউনের হুকুমই মেনে নিল, আর ফির'আউনের হুকুম সত্য নির্ভর ছিল না। — তাইসিরুল

ফির'আউন ও তার প্রধানদের নিকট। অতঃপর তারাও ফির'আউনের মতানুসারে চলতে রইল এবং ফির'আউনের কোন কথা মোটেই সঠিক ছিলনা। — মুজিবুর রহমান

To Pharaoh and his establishment, but they followed the command of Pharaoh, and the command of Pharaoh was not [at all] discerning. — Sahih International

৯৭. ফিরআউন ও তার নেতৃবৃন্দের কাছে। কিন্তু নেতৃবৃন্দ ফিরআউনের কর্যকলাপের অনুসরণ করেছিল। আর ফিরআউনের কার্যকলাপ সঠিক ছিল না।

তাফসীরে জাকারিয়া

(৯৭) ফিরআউন ও তার প্রধানবর্গের নিকট,[1] তারা ফিরআউনের নির্দেশ মেনে চলতে লাগল অথচ ফিরআউনের নির্দেশ মোটেই সঠিক ছিল না। [2]

[1] ملاء (পারিষদবর্গ, প্রধানবর্গ) জাতির সম্মানিত ও সর্বোচ্চ পর্যায়ের লোকদেরকে বলা হয়। (এর ব্যাখ্যা পূর্বে আলোচনা হয়েছে।) ফিরআউনের সাথে তার দরবারের সম্মানিত লোকদের নাম এই জন্য নেওয়া হয়েছে যে, জাতির উচ্চপদস্থ ব্যক্তিরাই সর্ববিষয়ে দায়িত্বশীল হয়ে থাকে এবং জাতির মানুষ তাদেরই অনুসরণ করে চলে। যদি তারা মূসা (আঃ)-এর উপর ঈমান আনত, তবে অবশ্যই ফিরআউনের সমস্ত জাতি ঈমান আনত।

[2] رشيد শব্দের অর্থ হল, সঠিক, বিবেকসম্মত, যুক্তিসঙ্গত, জ্ঞানসম্পন্ন ইত্যাদি। অর্থাৎ, মুসা (আঃ)-এর কথাই সঠিক ও যুক্তিসঙ্গত ছিল, কিন্তু তারা তা প্রত্যাখ্যান করল। আর ফিরআউনের কথা, যা সঠিক ও যুক্তিসঙ্গত ছিল না, তারা তার অনুসরণ করল।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=1570>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন